

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ সুজায়েত উল্যা পরিচালক
সভার তারিখ	২৬/২/২০১৯
সভার সময়	বেলা ১১.০০টা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	১. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি ২. জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি ৩. জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক (সা.দা.) সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি

আলোচনা :

কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বিগত ০৮/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন হয়েছে কি না এ বিষয়ে জানতে চান। সদস্য সচিব সভাকে জানান যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ৫-১২ ফেব্রুয়ারি ২০১৯ সেবা সপ্তাহ পালন করা হয়েছে। সেবা সপ্তাহ পালনে অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারি সর্বাঙ্গিক সহযোগিতা করেছেন। সহযোগিতার জন্য সভাপতি অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারিকে ধন্যবাদ জানান। সদস্যসচিব সভাকে আরো জানান যে, নৈতিকতা কমিটির সিদ্ধান্তের আলোকে পোস্টার ছাপানো হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের জন্য কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও অধিদপ্তরের শুদ্ধাচার বাস্তবায়ন সংশ্লিষ্ট অন্যান্য কর্মকান্ড নিয়েও আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

সিদ্ধান্ত :

১। শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের নীতিমালা তৈরি সংক্রান্ত কমিটি গঠন করা হলো।

ক্রমিক নম্বর	নাম	পদবি	দায়িত্ব
১।	জনাব দিলীপ কুমার সাহা	মহাপরিচালক	আহ্বায়ক
২।	জনাব মোঃ সুজায়েত উল্যা	পরিচালক (আরকাইভস)	সদস্য
৩।	জনাব আখতারুজ্জামান মোহাম্মদ মোস্তফা কামাল	পরিচালক (লাইব্রেরি)	সদস্য
৪।	জনাব মোঃ জামাল উদ্দিন	চিফ বিবলিওগ্রাফার /উপপরিচালক (লাইব্রেরি) চ.দা.	সদস্য-সচিব

কমিটির কর্মপরিধি : কমিটি আগামী ৩০ কার্যদিবসের মধ্যে শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের নীতিমালা তৈরি করবেন।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ সুজায়েত উল্যা
পরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.৬৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৫
০৭ মার্চ ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) পরিচালক (গ্রন্থাগার), পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর



মোঃ আলী আকবর
সহকারী পরিচালক